ভোরের কাগজ

তারিখ ... ... SEP 1 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ১



*পুলক বন্দ্যোপাধ্যায়*

# প্রখ্যাত গীতিকার পুলক বন্দ্যোপাধ্যায় আর নেই

ভারতের প্রখ্যাত গীতিকার পুলক বন্দ্যোপাধ্যায় আর নেই। গত বৃহস্পতিবার সকালে কলকাতার হুগলিতে গঙ্গা নদী থেকে পুলিশ তার মৃতদেহ উদ্ধার করেছে। তার বয়স হয়েছিল ৬৮ বছর। গত কয়েকদিন ধরে তিনি নিখোঁজ ছিলেন। জনপ্রিয় এই গীতিকার আত্মহত্যা করেছেন বলে পুলিশ সন্দেহ করছে। কারণ হাওড়া জেলার শালকিয়ায় তার বাসভবন থেকে স্থানীয় পুলিশ একটি 'সুইসাইডাল নোট' উদ্ধার করেছে। এই নোটে তিনি তার আত্মহত্যার জন্য কাউকে দায়ী করেননি। পিটিআই।

হাওড়া ও কলকাতা পুলিশ এবং রিভার ট্রাফিক পুলিশ গত মঙ্গলবার সন্ধ্যা থেকে যৌথ অভিযান চালিয়ে বৃহস্পতিবার তার মৃতদেহ উদ্ধার করে। মঙ্গলবার তিনি তার শ্যালিকার বাড়ি থেকে বেরোনোর পর আর ফেরেননি। তার ছেলে পিয়াল বাবার মৃতদেহ শনাক্ত করেছেন।

পুলক বন্দ্যোপাধ্যায়ের এই অস্বাভাবিক মৃত্যুতে পশ্চিমবঙ্গের সাংস্কৃতিক অঙ্গনে শোকের ছায়া নেমে এসেছে। পশ্চিমবঙ্গ রাজ্যের তথ্য ও সংস্কৃতিমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। তিনি বলেন, তিনি সমসাময়িক বাংলা সঙ্গীতকে সমৃদ্ধ করেছেন। পাঁচ দশক ধরে সঙ্গীতাঙ্গনে তার বিচরণ। পুলক বন্দ্যোপাধ্যায় মান্নাদের অনেক জনপ্রিয় গানের গীতিকার।